



বিপরীতার্থক শব্দ

- ১। আমি বাড়ির জ্যেষ্ঠ সন্তান — ‘জ্যেষ্ঠ’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) কনিষ্ঠ
- ২। ডুবন্ত নৌকার যাত্রীদের স্থানীয় লোকজন বাঁচাল — ‘ডুবন্ত’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) ভাসন্ত
- ৩। ঠান্ডা লাগিও না, শরীর খারাপ হবে। ‘ঠান্ডা’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ক) গরম
- ৪। সবসময় অন্যের নিন্দা করা উচিত নয়। ‘নিন্দা’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ঘ) প্রশংসা/স্তুতি
- ৫। ‘দেনা’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(খ) পাওনা
- ৬। ‘তরণ’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(গ) বৃদ্ধ
- ৭। সমস্ত জীবের প্রতি দয়া দেখানো হল অন্যতম ধর্ম — ‘ধর্ম’ শব্দটির বিপরীত শব্দটি হল —
(খ) অধর্ম
- ৮। ‘বন্ধু’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ক) শত্রু
- ৯। একসময় আমরা পরাধীন ছিলাম। ‘পরাধীন’ শব্দের বিপরীত শব্দটি হল —
(গ) স্বাধীন
- ১০। তোমার কাছে বৈধ কাগজপত্র কোথায়? — ‘বৈধ’ শব্দের বিপরীত শব্দ হল —
(খ) অবৈধ/নিষিদ্ধ
- ১১। আমাদের অঙ্কের স্যার পণ্ডিত ব্যক্তি। ‘পণ্ডিত’ শব্দটির বিপরীত অর্থ হল —
(ঘ) মুর্থ
- ১২। আমরা নিরাকার ঈশ্বরে বিশ্বাস করি না। ‘নিরাকার’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ক) সাকার
- ১৩। ‘দক্ষিণ’ শব্দের বিপরীত অর্থ হল —
(গ) বাম/উত্তর
- ১৪। ‘দ্রুত’ শব্দের বিপরীত শব্দটি হল —
(খ) মস্তুর/ধীর
- ১৫। রামের সঙ্গে শ্যামের তিক্ত সম্পর্ক। ‘তিক্ত’ শব্দের বিপরীত শব্দটি হল —
(ঘ) মধুর